

কম্পিউটার শিক্ষায় আগ্রহী হয়ে উঠছেন মহিলারা

ডে ফোডিল ইন্সটিটিউট অব আইটি (ডিআইআইটি) তাদের ধানমন্ডি ক্যাম্পাস (রোড-১৪ নতুন, বাড়ী-৭, ধানমন্ডি, ফোন নং- ৯১১৭২০৫, ৯১২৪৭৭৩) ও বনানী ক্যাম্পাসে (রোড-৪, বাড়ী-৬৫, ব্লক-সি, বনানী, ফোন নং ৯৮৮১০৩০, ৯৮৮৮৬১৩) মহিলাদের জন্য ফ্রি কম্পিউটার ফাউন্ডেশনাল কোর্স শুরু করেছে। পুরুষের পাশাপাশি যাতে মহিলারা কার্যক্ষেত্রে তাদের যোগ্যতার প্রমাণ রাখতে পারে এই লক্ষ্যে ডিআইআইটি মহিলাদের জন্য মাসব্যাপী এই কোর্স শুরু করেছে। প্রথম ব্যাচে সর্বমোট ৪০ জন প্রশিক্ষণার্থী এই কোর্সে অংশগ্রহণ করছেন। এদের মধ্যে কেহ ছাত্রী, কেহ চাকরিজীবী আবার গৃহিনীও রয়েছেন। এই কোর্স

করার জন্য বয়স ও শিক্ষাগত যোগ্যতার কোন বাধ্যবাধকতা নেই। ডিআইআইটির অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মন্ডলী যারা যুক্তরাজ্যের কম্পিউটার ডিপ্লোমা, এডভান্সড ডিপ্লোমা ও অনার্স কোর্স করিয়ে থাকেন তারা এই কোর্স পরিচালনা করছেন। এই ফ্রি কোর্সে যে সকল বিষয়ে প্রশিক্ষণ দেয়া হবে সেগুলো হলঃ কিভাবে কম্পিউটার পরিচালনা করা হয়?, এমএস ওয়ার্ড, এমএস এক্সেল, পাওয়ার পয়েন্ট, কম্পিউটার কিভাবে কাজ করে, নেটওয়ার্কের কার্যাবলী, ইন্টারনেট-এর ব্যবহার বিধি; ক্যারিয়ার ডেভেলপমেন্ট, যে ফ্রি কোর্সের পরবর্তী ব্যাচের ভর্তি চলছে। বিস্তারিত জানার জন্য উপরোল্লিখিত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।